# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**16 DECEMBER 2025 7:45—7:55 PM**

---

(১) ১৯৭১ সালের যুদ্ধে পাকিস্তানের বিরুদ্ধে ভারতের জয়ের স্মরণে রাষ্ট্রপতি, উপ-রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রীর এই যুদ্ধের বীর শহিদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন/

(২) জুবিন গর্গের মৃত্যুর মামলার শুনানি গুয়াহাটি সেশন জাজের আদালতে প্রেরণ/ ২২শে ডিসেম্বর পরবর্তী শুনানি/

(৩) রাজ্যে মৃত্যুঞ্জয়-১০৮ জরুরিকালীন সেবার বরখাস্ত না করা কর্মচারীদের আগামী ২২শে ডিসেম্বরের মধ্যে কাজে যোগদানের নির্দেশ/

এবং

(৪) রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের অনুপস্থিতি হ্রাস করার জন্য সর্বশিক্ষা অভিযানের স্বয়ংক্রিয় এস এম এস সতর্কতা ব্যবস্থা চালু/

---------------------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ ১৯৭১ সালে ভারত-পাকিস্তান যুদ্ধে সাহসের সঙ্গে লড়াই করে মৃত্যুবরণ করা বীর শহিদদের শ্রদ্ধাঞ্জলি জানিয়েছেন । তাঁরা পাকিস্তানের বিরুদ্ধে ভারতের ঐতিহাসিক জয়কে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেছেন । সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু বলেন যে- জন্মভূমির প্রতি ভারতীয় সেনার ভালোবাসা, তাদের উৎসর্গীকৃত মনোভাব এবং সাহস, সমগ্র জাতিকে সর্বদাই গৌরবান্বিত করে এসেছে । তিনি আরো বলেন যে- সেনা বাহিনীর নায়কোচিত বীরত্ব এবং দেশপ্রেম দেশের জনসাধারণকে অনুপ্রাণিত করে আসছে । স্থানীয় উদ্ভাবন এবং পদক্ষেপের মাধ্যমে ভারতীয় সেনা বাহিনীকে সবল করে

ভবিষ্যতের প্রত্যাহ্বান সমূহ মোকাবিলা করার উপযুক্ত করে গড়ে তোলা হচ্ছে বলেও তিনি জানান । অপারেশন সিন্দুর অভিযানে সেনাবাহিনী আত্মনির্ভরশীলতা, কৌশলগত লড়াই এবং আধুনিক যুদ্ধ প্রযুক্তির কার্যকরী ব্যবহারের মাধ্যমে লাভ করা সাফল্য সমগ্র জাতিকে অনুপ্রাণিত করেছে বলে রাষ্ট্রপতি শ্রীমতি মুর্মু উল্লেখ করেছেন ।

সামাজিক মাধ্যমের এক বার্তায় উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ বলেন যে- সেনা বাহিনীর বীরত্বই পাকিস্তানের বিপক্ষে ভারতের জয়লাভে নির্ণায়ক ভূমিকা গ্রহণ করেছিল । এবং তা ভূ-রাজনৈতিক মানচিত্রে বাংলাদেশ নামের একটি স্বাধীন রাষ্ট্রকে অর্ন্তভুক্ত করাতে সমর্থ হয়েছিল । শ্রী রাধাকৃষ্ণণ আরো বলেন যে- এই যুদ্ধ ন্যায় এবং স্বাধীনতার প্রতি ভারতের প্রতিশ্রুতিবদ্ধতাকে প্রতিফলিত করে এবং ভারতীয় সেনা, নৌবাহিনী এবং বায়ুসেনার পেশাগত দৃঢ়তাকেই প্রমাণিত করেছে ।

সাহসী সৈনিকদের বলিদানের প্রতি শ্রদ্ধা জানিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন যে- তাঁদের নিঃস্বার্থ সেবা জাতিকে সুরক্ষিত করার পাশাপাশি ভারতের ইতিহাসে এক গৌরবময় মুহূর্ত সন্নিবিষ্ট করেছে । তিনি বিজয় দিবসে দেশের সাহসী সৈনিকদের নায়কোচিত বীরত্ব ভারতীয় প্রজন্মকে অনুপ্রাণিত করে এসেছে বলে উল্লেখ করেছেন ।

এদিকে বিজয় দিবস উপলক্ষে নতুনদিল্লির জাতীয় যুদ্ধ স্মারকে আয়োজিত এক অনুষ্ঠানে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং অংশগ্রহণ করেন । প্রতিরক্ষা বিভাগের প্রধান জেনারেল অনিল চৌহান, সেনাবাহিনীর জেনারেল উপেন্দ্র দ্বিবেদী, বায়ুসেনার প্রধান চিফ মার্শাল এ পি সিং এবং নৌসেনার প্রধান এডমিরাল দীনেশ কে ত্রিপাঠীও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ।

উল্লেখ্য- সমগ্র দেশ আজ ১৯৭১ সালে পাকিস্তানের বিরুদ্ধে হওয়া যুদ্ধে ভারতের জয়ের স্মৃতিতে বিজয় দিবস উদযাপন করেছে । প্রতিবছর আজকের দিনটিতে এই যুদ্ধের বীর শহিদদের সর্বোচ্চ ত্যাগের কাহিনী স্মরণ করে শ্রদ্ধা নিবেদন করা হয় । ১৯৭১ সালের আজকের দিনে পাকিস্তানী সেনাবাহিনীর প্রধান জেনারেল এ এ খান নিয়াজী ৯৩ হাজার সৈন্য নিয়ে ভারতীয় সেনাবাহিনীর সামনে নিঃশর্তে আত্মসমর্পণ করেছিলেন । এই যুদ্ধের সমাপ্তিতে পূর্ব পাকিস্তান পরিবর্তন হয়ে বাংলাদেশ নামে একটি নতুন রাষ্ট্র গঠিত হয়েছিল ।

আসামেও আজ বিভিন্ন স্থানে বিজয় দিবস পালন করা হয়েছে । আসাম পুলিশ বীর শহিদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে নানা কার্যসূচির আয়োজন করেছে । এছাড়া বিভিন্ন স্থানে বীর সৈনিকদের স্মরণে বহু কার্যসূচি রূপায়ণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

জুবিন গার্গের মৃত্যু মামলার অভিযোগনামা দাখিলের পর কামরূপ মহানগর জেলার মুখ্য ন্যায়াধীশের আদালতে আজ মামলাটির প্রথম শুনানী গ্রহণ করা হয় । শুনানীর সময় এই মামলার সাতজন অভিযুক্তকে কারাগার থেকে ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে আদালতে হাজির করানো হয় । অভিযুক্ত শ্যামকানু মহন্ত , সিদ্ধার্থ শর্মা , সন্দীপন গার্গ , পরেশ বৈশ্য এবং নন্দেশ্বর বরাকে বাক্সার নিকাশি কারাগার থেকে এবং অমৃতপ্রভা মহন্ত , শেখরজ্যোতি গোস্বামীকে হাফলং উপ-কারাগার থেকে শুনানীর সময় আদালতের সঙ্গে সংযুক্ত করা হয় ।মামলার শুনানী গ্রহণ করে আদালত আগামী ২২ ডিসেম্বর পরবর্তী শনানীর দিন ধার্য করে । আদালতের নির্দেশ অনুযায়ি শুনানীর পূর্বে অপরাধ অনুসন্ধানকারী একটি দল সাতজন অভিযুক্তকে কারাগার কর্তৃপক্ষের মাধ্যমে অভিযোগনামার প্রতিলিপি প্রদান করে ।অনুরূপভাবে অভিযুক্তদের পরিবারকেও পেনড্রাইভের মাধ্যমে অভিযোগনামা সহ অন্যান্য সংলগ্ন নথি প্রদান করা হয় । আজকের শুনানীতে অভিযুক্তদের পক্ষে আইনজীবি ছিলেন জেলা আইনসেবা কর্তৃপক্ষের আইনজীবি ধ্রুবজ্যোতি দাস ।উল্লেখ্য জুবিন গার্গের রহস্যজনক মৃত্যুর ঘটনায় ক্ষুব্ধ হয়ে আইনজীবিরা অভিযুক্তদের পক্ষে ওকালতি না করার সিদ্ধান্ত গ্রহণ করে তবে আদালতের নিয়ম অনুসারে জেলা আইনসেবা কর্তৃপক্ষ অভিযুক্তদের পক্ষে আইনজীবি নিয়োগ করার নির্দেশ দেয় ।

---------------------------------------------------------------------------------------

এদিকে অসম গণপরিষদ দলের রাজ্যসভার সাংসদ বীরেন্দ্র প্রসাদ বৈশ্য আজ জনতার শিল্পী জুবিন গার্গকে ভারতরত্ন প্রদান করার জন্য রাজ্যসভায় দাবী উত্থাপন করেন । অগপ তথা আসামের জনসাধারণের হয়ে এই দাবী উত্থাপন করে সাংসদ শ্রী বৈশ্য বলেন যে জুবিন গার্গ অসমীয়া সহ বাংলা , হিন্দি তামিল তেলেগু মালায়ালম ইত্যাদি ভাষায় গান গেয়েছিলেন । এর সমান্তরালভাবে তিনি দুস্থঃ লোকেদের বিভিন্ন সময়ে সহায়তা করেছেন । পরিবেশ সুরক্ষার জন্যও তিনি কাজ করেছেন বলে সাংসদ শ্রী বৈশ্য উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ আজ লামডিং বিধানসভা কেন্দ্রের মোট ২৭ হাজার ৩১০ জন হিতাধীকারীর মধ্যে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা প্রকল্পের চেক বিতরণ করেন ।এ উপলক্ষে হোজাইর শ্রীমন্ত শঙ্করদেব নগরের খেলার মাঠে আয়োজিত জনসভায় ভাষণ দিয়ে মুখ্যমন্ত্রী বলেন যে সরকার রাজ্যের ৩৫ লক্ষ মহিলাকে উদ্যমিতা প্রকল্পের অধীনে প্রথম কিস্তির ১০ হাজার টাকা করে চেক বিতরণের লক্ষ্য নির্ধারণ করেছে । সরকারের প্রদান করা এই অর্থের সদব্যবহার করতে তিনি মহিলাদের প্রতি আহ্বান

জানান ।তিনি বলেন যে ৩৫ লক্ষ মহিলাকে ১০ হাজার টাকা করে দেওয়া বাবদ সরকারের প্রায় ৩ হাজার ২০০ কোটি টাকা ব্যয় হবে । মহিলাদেরকে অধিকার প্রদান করা এবং তাদের মাধ্যমে সমাজকে শক্তিশালী করে গড়ে তোলা এই প্রকল্পের লক্ষ্য বলে মুখ্যমন্ত্রী জানান । এদিকে মুখ্যমন্ত্রী আজ বরপেটায় মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে ২০ হাজার ছয়জন মহিলার মধ্যে অনুষ্ঠানিকভাবে চেক বিতরণ করেন ।সরকার এই প্রকল্পের অধীনে প্রথম পর্যায়ে ১০ হাজার টাকা করে প্রদান করেছে ।

--------------------------------------------------------------------------------

রাজ্যে মৃত্যুঞ্জয়-১০৮ জরুরিকালীন সেবা পরিচালনা করা প্রতিষ্ঠান- জি ভি কে ই এম আর আই- গ্রীন হেল্থ সার্ভিসেস বরখাস্ত না করা কর্মচারীদের আগামী ২২শে ডিসেম্বর বা তার আগে কাজে যোগদান করার নির্দেশ দিয়েছে । এই সম্পর্কে প্রতিষ্ঠানটি নিজের স্থিতি স্পষ্ট করে আজ বলেছে যে- নির্ধারিত সময়সীমার মধ্যে কাজে যোগ না দেওয়া কর্মচারীদের বরখাস্ত করা হবে । উল্লেখ্য- প্রাপ্য সুবিধা থেকে বঞ্চিত হওয়ার অভিযোগে বিগত কিছুদিন ধরে সারা আসাম ১০৮ মৃত্যুঞ্জয় সেবা সংস্থার উদ্যোগে একাংশ কর্মচারী আন্দোলন করে আসছেন । এধরণের প্রতিবাদকে অবৈধ আখ্যা দিয়ে পরিচালনা প্রতিষ্ঠানটি ইতিমধ্যে ৮৫০ জন কর্মচারীকে চাকরি থেকে বরখাস্ত করেছে । বরখাস্ত না হওয়া একাংশ কর্মচারী কাজে যোগ দিচ্ছেন না । এই কর্মচারীদের তাদের কতর্ব্যে যোগদানের সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে । উল্লেখ্য- রাজ্য সরকারের নির্দেশমর্মে প্রতিষ্ঠানটি বরখাস্ত হওয়া কর্মচারীদের স্থানে নতুন কর্মচারী নিয়োগ করেছে ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের অনুপস্থিতি হ্রাস করার জন্য সর্বশিক্ষা অভিযান স্বয়ংক্রিয় এস এম এস সতর্কতা ব্যবস্থা আরম্ভ করেছে । বিদ্যালয়ে অনুপস্থিত থাকা ছাত্রছাত্রীদের বিদ্যালয়ে ফিরিয়ে আনতে সর্বশিক্ষা অভিযান এই পদক্ষেপ গ্রহণ করেছে । রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু গতকাল আনুষ্ঠানিকভাবে এই স্বয়ংক্রিয় এস এম এস সতর্কতা ব্যবস্থার সূচনা করেছেন । এই ব্যবস্থার মাধ্যমে টানা পাঁচদিন বিদ্যালয় অনুপস্থিত থাকা ছাত্রছাত্রীদের অভিভাবকদের কাছে বিশেষ বার্তা পাঠানো হবে । এই সতর্কবার্তাসমূহ নির্দিষ্ট পাঁচদিনের ব্যবধানে স্বয়ংক্রিয়ভাবে সৃষ্টি করা হবে এবং বিদ্যালয়ে উপস্থিত না থাকা ছাত্রছাত্রী পুনরায় বিদ্যালয়ে উপস্থিত না হওয়া পর্যন্ত চলতে থাকবে । এই মেসেজগুলিও একসঙ্গে দুজন পাবেন । অভিভাবক ছাড়াও বিদ্যালয়ের ক্লাস টিচারগণ সংশ্লিষ্ট শিক্ষার্থীর নাম, শ্রেণী ইত্যাদির স্পষ্টভাবে উল্লেখ থাকা মেসেজ লাভ করবেন । এর মাধ্যমে তারা ছাত্রছাত্রীদের বিদ্যালয়ে ফিরিয়ে আনার জন্য অভিভাবকদের সঙ্গে যোগাযোগ করতে পারবেন । অভিভাবকরা তাদের সন্তানদের

অনুপস্থিতি সম্পর্কে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সংক্ষিপ্ত বার্তা বারবার লাভ করবেন । এই বার্তা সমূহ বাংলা, অসমীয়া, বড়ো, হিন্দি এবং ইংরেজীতে পাঠানো হবে ।

--------------------------------------------------------------------------------

আসাম পুলিশের দুহাজার ৩৫০ টি পদ পূরণের জন্য বিভাগটির পক্ষ থেকে বিজ্ঞাপন প্রকাশ করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ সামাজিক মাধ্যমে একথা জানিয়ে রাজ্যসরকার তার প্রতিশ্রুতি পূরণের পথে এগিয়ে যাচ্ছে বলে উল্লেখ করেছেন । উল্লেখ্য- আজ প্রকাশিত বিজ্ঞাপন অনুসারে ৪৮টি উপ-পরিদর্শক, ৩৯টি সহকারী কারাধ্যক্ষ, এক হাজার ৫২টি কনস্টেবল সহ বিভিন্ন পর্যায়ের পদের জন্যে প্রার্থীদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা শিশু সুরক্ষা ইউনিটের উদ্যোগে এবং জেলা প্রশাসনের সহযোগিতায় আজ থেকে শ্রীভূমি জেলায় সুরক্ষিত শৈশব সোনালি অসম অভিযান শুরু হয়েছে । অতিরিক্ত জেলা আয়ুক্ত নিলোৎপল পাঠকের পৌরহিত্যে আজ জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে আয়োজিত আলোচনা সভায় শিশুদের নিরাপত্তা , অধিকার ও কল্যাণ বিষয়ে অতিরিক্ত পুলিশ সুপার অমৃতরাজ চৌধুরী , জেলা আইন সেবা কর্তৃপক্ষের নিকুঞ্জ বড়ো , তথ্য ও জনসংযোগ আধিকারিক ইফতিখার জামান শিশু সুরক্ষা আধিকারীক দেবযানী দাস প্রমূখ বক্তব্য রাখেন । উল্লেখ্য- আগামী ৯০ দিন জেলার বিভিন্ন প্রান্তে সচেতনতামূলক কার্যসূচী , প্রচার অভিযান ও অংশীদারিত্বমূলক উদ্যোগ গ্রহন করা হবে বলে জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমির জেলা আয়ুক্ত তথা জেলা নির্বাচনী আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি হিসেবে ই ভি এম এবং ভি ভি প্যাট ইউনিটগুলির প্রথম স্তরের যাচাই করার প্রক্রিয়া আগামী ২৯শে ডিসেম্বর থেকে ৬ই জানুয়ারী পর্য্যন্ত শ্রীভূমি শহরের জেলা গ্রন্থাগার ভবনে অনুষ্ঠিত হবে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে রাজনৈতিক দলের প্রতিনিধিদের উপস্থিতিতে এই যাচাই প্রক্রিয়া অনুষ্ঠিত হবে । জেলা প্রশাসন থেকে ই ভি এমগুলির প্রথম স্তরের যাচাই করার মসৃণ ও সফল পরিচালনার জন্য সব রাজনৈতিক দল ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সহযোগিতা চাওয়া হয়েছে ।

--------------------------------------------------------------------------------